

কবিতা ও বাণিজ্য

বাণিজ্যে বসতে লক্ষ্মীঃ
তদর্কং কৃষিকর্মাণি
তদর্কং রাজসেবায়াং
ভিক্ষায়াং নৈব নৈবচ ।

সপ্তম বর্ষ] বৈশাখ ১৩৩৪ [১ম সংখ্যা

জাগরণী

(১)

কোথাকার কোন্ দৈত্য বিচারে ভুবন ভরি'—
ভুবনে ভুবনে টানা টানি করে জীবন ধরি'
দেশে দেশে হেরি আর্জি সকল
করিতেছে শুধু মহা কোলাহল
ধর্মার মতন ত্যজিছে জীবন দেবতা স্বরি'
কোথাকার কোন্ দৈত্য বিচারে ভুবন ভরি' ।

(২)

স্বাধীনতা, হায়, লাক্ষিতা প্রায় চরণ তলে
ক্রন্দন করে উষ্ণ বাণায় অক্ষ জলে ।
কে হেরিবে তারে, কে বুঝিবে তারে,
কি করা উচিত কে তাহা বিচারে ?
জীবন সবার অবশ কাহার মন্ত্রবলে !
স্বাধীনতা, হায়, লাক্ষিতা প্রায় চরণ তলে ।

(৩)

হত্যা-লোলুপ অত্যাচারের রক্ত হাসি
আজিকে নিরত প্রলয়ের মত উঠিছে ভাসি' ।
ধর্মার বাসনা, ধর্মার কামনা,
ধর্মার সকল সত্য-মাথনা
এখনে এখনে নিঃশেষ করি ফেলিবে প্রাণি—
কোন্ কোন্ দৈত্য বিচারে ভুবন ভরি' ।

(৪)

হায় কোথা তারা, একদিন যারা জগত ধিরে
সিংহের মত গর্জি ফিরিল উচ্চ শিরে ;
এক দিন যারা ভুবন বেলায়
বার্ষ করিল পরম হেলায়
অত্যাচারের মস্ত আপন তীক্ষ্ণ তীরে ?
তাহারা কি আজ জাগিবেনা আর ভুবন ধিরে ?

(৫)

ওগো বীরগণ, আবার কখন জাগিবে ভবে,
মূল হৃদয়ে মুক্তির গান গাহিবে কবে ?
ভুবন ভরিয়া কখন আবার
গড়িবে হাজার মেবার পাহাড়,
লক্ষ চিতোর বক্ষ ভিতর রচিবে সবে ?
ওগো বীরগণ, আবার কখন জাগিবে ভবে ?

(৬)

ওগো, জেগে উঠ, বন্ধন ছুট, স্বর্ঘ্য পারা
জান পুনরায় বসুন্ধরায় আলোক বারা ।
তোমাদের ডাকে জড়তা লুকাবে,
বানবের প্রাণে লাড়া পড়ে যাবে,
জাগিবে সত্য, ছুটিবে দৈত্য, টুটিবে কারা,
ওগো, জেগে উঠ, ছুট, স্বর্ঘ্য পারা ।

শ্রীমৎস্য নাথ রায়